গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
নীলক্ষেত, ঢাকা-১২০৫।
www.napd.gov.bd

স্মারক নং-০৫.৮৮.০০০০.০০০.০০৫.১১.০০১৮.১৯-৭০

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

# বিজ্ঞপ্তি

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির বাছাই কমিটি-২ এর গত ১৪ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীকে মেধা ও পছন্দক্রম অনুযায়ী জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতনস্কেলে বর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্র.নং | পদের নাম | রোল নম্বর | পদ গ্রেড (বেতনস্কেল) ২০১৫ |
|---|---|---|---|
| ১। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৩০০২১২ | ১৬তম (টাকা ৯৩০০ – ২২৪৯০) |

শর্তাবলীঃ

(ক) প্রার্থীর আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদ, তথ্য, ডকুমেন্টস ইত্যাদির সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে;

(খ) সাময়িকভাবে মনোনীত প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান বা প্রয়োজনীয় তথ্য গোপন বা টেম্পারিং বা কোন জাল সার্টিফিকেট জমা বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে বা কোনো গুরুতর অসম্পূর্ণতা (substantive incompletion) ধরা পড়লে বিজ্ঞাপনের শর্তানুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর নির্বাচন বাতিল হবে। তাছাড়া, বর্ণিত অপরাধে জড়িত প্রার্থীকে ক্ষেত্র বিশেষে ফৌজদারি আইনে সোপর্দ করা হবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পরও এরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(গ) প্রার্থীর আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টসমূহ, সনদ ইত্যাদি এবং আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে প্রার্থীদের অনুকূলে মনোনীত করা হলো যে, নিয়োগের পূর্বে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা, শিক্ষাগত যোগ্যতার সনদ, অন্যান্য ডকুমেন্টসমূহের সত্যতা যাচাই এবং প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যথাযথ এজেন্সি কর্তৃক যাচাইয়ের পর নিশ্চিত হয়ে নির্বাচিত প্রার্থীদের নিয়োগ প্রদান করা হবে;

(ঘ) প্রকাশিত নির্বাচনে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি সংরক্ষণ করে;

(ঙ) এই নির্বাচন প্রার্থীর চাকুরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করবে না বা অধিকার জন্মাবে না;

(চ) নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক উক্ত নির্বাচনের ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে;

(ছ) নিয়োগকৃত প্রার্থীর চাকুরি জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির কর্মচারী চাকুরি প্রবিধানমালা-১৯৮৮ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

২১/০৭/২০২৬

(মো: রমজান আলী)
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য-সচিব, বাছাই কমিটি-২
ফোনঃ ০২২২৩৩৬৫৫০২৪
ইমেইল: ddadmn@napd.gov.bd